

দৈনিক  
ইত্তেফাক

com মতামতের জন্য সম্পাদক দায়ী নন

## বাংলা একাডেমির প্রকাশনা সম্পর্কে

গত ২৩.০২.২০১৫-এর দৈনিক ইত্তেফাকে 'বাংলা একাডেমি প্রকাশনা' শিরোনামে একটি সম্পাদকীয় লেখা হয়েছে। সম্পাদকের সকল বক্তব্যের সঙ্গে আমি সম্পূর্ণ একমত। এখানে একাডেমি কর্তৃক পুনর্মুদ্রণ বিষয়ে বেশ তথ্যমূলক এক আলোচনা সন্নিবেশিত হয়েছে। এরই প্রেক্ষাপটে নিজ অভিজ্ঞতার কথা বলছি: গত বছর আমার বহুল প্রচারিত পুস্তক 'গ্রিক দর্শন: প্রজ্ঞা ও প্রসার' (সম্মান ও মাস্টার্স ১ম পর্বে সকল বিশ্ববিদ্যালয়ে পাঠ তালিকার অন্তর্ভুক্ত)-এর প্রথম ও দ্বিতীয় প্রকাশ এবং তৃতীয় পুনর্মুদ্রণের কপি শেষ হলে আমি আবারও বইটি প্রকাশের জন্য আবেদন করি। পরবর্তী পর্যায়ে মহাপরিচালক মহোদয়ের সঙ্গে যোগাযোগ করা হলে আমাকে জানানো হয় যে, দু'বারের বেশি পুনর্মুদ্রণ করা হয় না। গুরুত্বপূর্ণ পুস্তকসমূহের ক্ষেত্রে এই নীতি গ্রহণযোগ্য নয়—এ নীতিতে সংশোধনী আনার যে প্রস্তাব সম্পাদক সাহেব করেছেন তা বাস্তবসম্মত। পূর্বোক্ত নীতিতে বাদ পড়া গ্রন্থসমূহের পুনর্মুদ্রণের ব্যবস্থা করার জন্য বাংলা একাডেমি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

প্রফেসর মোহাম্মদ আবদুল হালিম,  
সড়ক ১১/এ, বাড়ি ৮৩, ধানবাড়ি আ/এ, ঢাকা ১২০০